মাসিক কম্পিউটার জগৎ
COMPUTER JAGAT

প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপদেষ্টা
ড. জামিলুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কায়কোবাদ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. সুব্রত কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা : অধ্যাপক ড. এ কে এম রফিক উদ্দিন
সম্পাদক : গোলাপ মুনীর
সহযোগী সম্পাদক : মইন উদ্দীন মাহমুদ
সহকারী সম্পাদক : এম. এ. হক অনু
কারিগরি সম্পাদক : মো: আবদুল ওয়াহেদ তমাল
সহকারী কারিগরি সম্পাদক : মুশারাত আক্তার
সম্পাদনা সহযোগী : মো: আহসান আরিফ, সালেহ উদ্দিন মাহমুদ

বিদেশ প্রতিনিধি
আমান উদ্দীন মাহমুদ — আমেরিকা
ড. নাস মনজুর-এ-মোর্শেদ — কানাডা
ড. এম মাহবুব — ব্রিটেন
নির্মল চন্দ্র চৌধুরী — অস্ট্রেলিয়া
মাহবুব রহমান — জাপান
এম. মাসুদুজ্জামান — ভারত
আ. ক. মো: সামসুজ্জোহা — সিঙ্গাপুর
নাসির উদ্দিন শামসুজ্জোহা — মধ্যপ্রাচ্য

প্রচ্ছদ : এম. এ. হক অনু
ওয়েব মাস্টার : মোহাম্মদ এহতেশাম উদ্দিন
কম্পোজ ও অঙ্গসজ্জা : সফর কুমার মিত্র, মো: মাহফুজুর রহমান

মুদ্রণে : কাইটিস (প্রা.) লি.
৪৪সি/২, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
অর্থ ব্যবস্থাপক : সাজেদ আলী বিশ্বাস
বিজ্ঞাপন ব্যবস্থাপক : শিমুল দাস
কম্পিউটার জগৎ ব্যবস্থাপক প্রকৌশলী : সাজ্জাদীন সাদ্দাত মাহমুদ
উৎপাদন ও বিতরণ কর্মকর্তা : মো: মুজাম্মেল ইসলাম আরিফ

প্রকাশক : নাজমা কাদের
কক্ষ নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭, ৮৬১৬৭৪৬, ০১৭১১৫৪৪২১৭
ফ্যাক্স : ৮৮-০২-৯৬৬৪৭২৩
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com
যোগাযোগের ঠিকানা :
কম্পিউটার জগৎ
কক্ষ নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭

Editor : Golap Munir
Associate Editor : Main Uddin Mahmood
Assistant Editor : M. A. Haque Anu
Technical Editor : Md. Abdul Wahed Tomal
Correspondent : Md. Abdul Hafiz

Published from
Computer Jagat
Room No.11
BCS Computer City, Rokeya Sarani
Agargaon, Dhaka-1207
Tel : 8125807

Published by : Nazma Kader
Tel : 861 6746, 861 3522, 01711-544217
Fax : 88-02-9664723
E-mail : jagat@comjagat.com

# সম্পাদকীয়

## ডিজিটাল বাংলাদেশ গঠনে মন্ত্রণালয়ের ব্যর্থতা

আমাদের দেশের জন্য একটি দুঃখজনক সত্য হলো, দেশে অনেক ভালো ভালো পরিকল্পনা নেয়া হয়। কিন্তু নানা কারণে সেসব পরিকল্পনার বেশিরভাগই বাস্তবায়িত হয় না। আর এই ব্যর্থতার জন্য বেশিরভাগ ক্ষেত্রেই দায়ী আমাদের আমলারা। সোজা কথায় এ ব্যর্থতা মন্ত্রণালয়গুলোর। ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার ভালো পরিকল্পনাটি তেমনি একটি পরিস্থিতির শিকারে পরিণত হয়েছে। মন্ত্রণালয়ের ব্যর্থতার কারণে ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজ বাধাগ্রস্ত হচ্ছে। আর মন্ত্রণালয়ের এ ব্যর্থতার জন্য সংসদীয় কমিটি ক্ষোভ প্রকাশ করেছে।

একটি জাতীয় দৈনিক জানিয়েছে, সম্প্রতি অনুষ্ঠিত ডাক ও টেলিযোগাযোগ সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে মন্ত্রী ও সচিব উপস্থিত না থাকায় এবং কমিটির সুপারিশ বাস্তবায়িত না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছে এই সংসদীয় কমিটি। তারা দাবি করেছে, মন্ত্রণালয়ের ব্যর্থতার কারণে ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজ বাধাগ্রস্ত হচ্ছে। জাতীয় সংসদ ভবনে গত ২১ আগস্ট সংসদীয় কমিটির এ বৈঠক অনুষ্ঠিত হয়। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী পূর্বনির্ধারিত এ বৈঠকে অনুপস্থিত ছিলেন। মন্ত্রণালয়ের সচিব সুনীল কান্তি বোস বৈঠকে দেরিতে উপস্থিত হয়ে জরুরি কাজের কথা বলে দ্রুত চলে যান। এ নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন কমিটির সদস্যরা। কমিটির সদস্য মো. আব্দুল কুদ্দুস ও খালিদ মাহমুদ চৌধুরী ক্ষুব্ধ হয়ে এরপর থেকে আর বৈঠকে আসবেন না বলে ঘোষণা দেন।

আব্দুল কুদ্দুস বৈঠকে অভিযোগ করেন, বারবার ঘোষণা দিয়েও মন্ত্রণালয় ল্যাপটপ বাজারে ছাড়তে পারেনি। এ নিয়ে সাধারণ মানুষের কাছে নানা কথা শুনতে হচ্ছে। ভিওআইপি লাইসেন্স দেয়ার জন্য সুপারিশ করা হলেও দীর্ঘদিনেও এ ব্যাপারে মন্ত্রণালয় সিদ্ধান্ত নিতে পারেনি। অথচ সরকারের মেয়াদের তিন বছর চলে যাচ্ছে। মোবাইল ফোনের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে বিদেশী কোম্পানিগুলোকে সুবিধা দিতে ফি কমানো হচ্ছে বলে পত্রপত্রিকায় খবর প্রকাশিত হচ্ছে। অথচ সংসদীয় কমিটি এ ব্যাপারে কিছুই জানে না। তার এ বক্তব্যের সাথে সংসদীয় কমিটির অন্য সদস্যরা একমত পোষণ করেন এবং মন্ত্রণালয়ের ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। তারা বলেন, মন্ত্রণালয়ের কারণে ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজ বাধাগ্রস্ত হচ্ছে।

বৈঠকে ল্যাপটপ ও মোবাইল ফোনে ভিওআইপি ব্যবহার নিয়ে বিভিন্ন সময়ে অভিযোগ ওঠার কথাও আলোচিত হয়। বিষয়টি তদন্ত করতে মোয়াজ্জেম হোসেন রতনকে আহ্বায়ক করে তিন সদস্যের একটি উপ-কমিটি গঠন করা হয়েছে।

আমরা মনে করি, ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট এ মন্ত্রণালয়টির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। এ মন্ত্রণালয়ের যেকোনো ধরনের গাফিলতি ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্নকেই ব্যর্থতায় পর্যবসিত করতে পারে। অতএব আমাদের তাগিদ, অতীতের ভুলভ্রান্তি ভুলে মন্ত্রণালয় এখন থেকে এ ব্যাপারে সচেতন ভূমিকা পালন করবে, যাতে করে এ ব্যাপারে এ মন্ত্রণালয়ের বিরুদ্ধে কেউ আর অভিযোগের আঙুল তুলতে না পারে।

সম্প্রতি লন্ডনে শিশুদের মাত্রাতিরিক্ত প্রযুক্তি তথা কমপিউটার ও ইন্টারনেট ব্যবহারের ওপর একটি সমীক্ষা চালিয়ে দেখা গেছে, মাত্রাতিরিক্ত হারে প্রযুক্তির ব্যবহারের ফলে প্রযুক্তির কারাগারে বন্দী হয়ে পড়ছে আমাদের নতুন প্রজন্ম। তারা এ সমীক্ষা চালায় এমন কতগুলো শিশুর ওপর, যাদের এক সপ্তাহ প্রযুক্তির ব্যবহার থেকে পুরোপুরি দূরে রাখা হয়। এর ফলে এরা পরিবারের সবার সাথে বসে আলাপ করার সময় পাচ্ছে। জানালা দিয়ে পাখির শব্দ শুনতে পাচ্ছে। বাস্তব জগতে সামাজিকতার পরিধি সম্প্রসারিত হচ্ছে। কিন্তু এরা প্রযুক্তির মাত্রাতিরিক্ত ব্যবহারের ফলে ভার্চুয়াল জগতে বন্ধু তৈরি করছে সত্য, কিন্তু বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে এদের চারপাশের জগৎ থেকে। এ রিপোর্টের তাগিদ হচ্ছে, আমরা যেনো আমাদের কিশোর-তরুণদের মাত্রাতিরিক্ত প্রযুক্তির ব্যবহার করতে দিয়ে তাদের যান্ত্রিক করে না তুলি। নইলে এরা এক সময় নানা ধরনের সামাজিক সমস্যায় ভুগতে শুরু করবে।

আমাদের এবারের প্রচ্ছদ প্রতিবেদন 'ফরেক্স' নিয়ে। ফরেক্স বিশ্বের বৃহত্তম অনলাইনে মুদ্রা কেনাবেচার বাজার। এই ফরেক্সে অনলাইনে মুদ্রা কেনাবেচা করে আমাদের দেশের মানুষও বিপুল অর্থ আয় করতে পারেন। এর জন্য প্রয়োজন শুধু একটি কমপিউটার, একটি ভালোমানের ইন্টারনেট লাইন আর এ ব্যবসায়কে ভালোভাবে জানা। সেই সাথে এ ব্যবসায়ে লেগে থাকার সুদৃঢ় মন। এই ফরেক্সের নানা দিক নিয়ে বিস্তারিত তুলে ধরা হয়েছে এ প্রচ্ছদ প্রতিবেদনটিতে।

রহমত, মাগফিরাত আর নাজাতের মাস রমজান শেষে বর্ষ পরিক্রমায় আবার এসেছে পবিত্র ঈদ-উল-ফিতর। পবিত্র ঈদের শুভেচ্ছা আমাদের সম্মানিত লেখক, পাঠক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ী ও পৃষ্ঠপোষকদের প্রতি।

লেখক সম্পাদক
■ প্রকৌশলী তাজুল ইসলাম ■ সৈয়দ হাসান মাহমুদ ■ সৈয়দ হোসেন মাহমুদ ■